

আদমদীঘিতে বাউবি পরীক্ষায় নকলের মহোৎসব, পুলিশসহ আটক ৯ দুই প্রভাষক বহিষ্কার

পুলিশে সোপর্ন করেছে। এছাড়া নকলের সহযোগিতা করার অপরাধে এই কলেজের সমাজকল্যাণ বিভাগের প্রভাষক ও কম্পিউটার প্রদর্শককে পরীক্ষার সব কার্যক্রম থেকে অব্যাহতি দেয়া হয়েছে। কেন্দ্র পরীক্ষার্থীদের কাছ থেকে বিপুল পরিমাণ বই ও নকলের পাতা উদ্ধার করা হয়। জানা যায়, উক্ত বিশ্ব বিদ্যালয়ের অধীনে বড়ডার আদমদীঘি রহিম উদ্দীন ডিগ্রি কলেজ পরীক্ষা কেন্দ্রে চলতি এইচএসসি ও ডিগ্রি পাস পরীক্ষা চলাকালে কেন্দ্রে পরীক্ষা শুরু থেকেই এক প্রবীণ প্রভাষকের সহযোগিতায় ব্যাপক হারে নকলের মহোৎসব চলে। গত ৫জুলাই সন্ধ্যায় এইচএসসি ১ম সেমিস্টারের ৫ম দিনে ইসলামী ইতিহাস ও ইতিহাস পরীক্ষা এবং ডিগ্রি পাসের ৫ম সেমিস্টারের

২য় দিনের দর্শন পরীক্ষা চলছিল। বেলা ১০টার উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাসেল মনহুর পরীক্ষা কেন্দ্রে পরিদর্শন করে অসদুপায় অবলম্বনের মায়ে ডিগ্রি পরীক্ষার্থী পুলিশ কনস্টেবল আবদুল বাতেন ও এইসএসসি পরীক্ষার্থী আলাম হোসেন, মেহেদী হাসান, নিলমুনি হাং, মনির উদ্দিন, মিজানুর, অলক দেবনাথ, রামান সরকার ও সন্ধ্যা মহন্তকে আটক করে পুলিশে সোপর্ন করে। এছাড়া নকলে সহযোগিতার অপরাধে ওই কলেজের সমাজকল্যাণ বিষয়ের প্রভাষক ইয়াছিন আলী ও কম্পিউটার প্রদর্শক আবদুল মান্নানকে অব্যাহতি দেয়া হয়েছে এবং আটক পরীক্ষার্থীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে বলে ইউএনও জানান।